মেহেরপুরে এক সার ব্যবসায়ীর ৭০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের বামনপাড়ার আমানুল্লাহ ট্রেডার্সে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করে ৭০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (৩ সেপ্টেম্বর) দুপুরে বামনপাড়ার আমানুল্লাহ ট্রেডার্সে এ অভিযান পরিচালনা করা হয়।

আদালত পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ।

সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অতিরিক্ত মূল্যে সার বিক্রি করা এবং মেয়াদোত্তীর্ণ কীটনাশক দোকানে সাজিয়ে রাখার অপরাধে দোকান মালিক আমানুল্লাহকে ৭০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সাইফুল্লাহ মাহমুদ এবং মেহেরপুর জেলা পুলিশের একটি টিম।

অভিযান সূত্রে জানা গেছে, বামনপাড়ার মেসার্স আমানুল্লাহ ট্রেডার্সের বিরুদ্ধে সরকার নির্ধারিত অতিরিক্ত দামে সার বিক্রির অভিযোগ ছিল। এছাড়াও এই সারের দোকানটিতে মেয়াদোত্তীর্ণ কীটনাশক বিক্রির উদ্দেশ্যে সাজানো ছিল। দোকান মালিক আমানুল্লাহকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০ ও ৫১ ধারায় দোষী সাব্যস্ত করে ৭০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

একই অভিযানে শহরের নিত্য প্রয়োজনীয় পণ্যের বিভিন্ন দোকানেও অভিযান চালানো হয়।